



# বাংলাদেশ গেজেট

## অতিরিক্ত সংখ্যা

### কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ৬, ২০০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য মন্ত্রণালয়

প্রেস-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ২৪শে মাঘ, ১৪০৯/৬ই ফেব্রুয়ারি, ২০০৩

এস, আর, ও নং ৩৯ আইন/০৩—Bangladesh Sangbad Sangshtha Ordinance, 1979 (XX of 10 1979) এর Section 22(1) এ অন্তর্ভুক্ত কর্মতাবলে সরকার, বাংলাদেশ সংবাদ সংস্থা কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রবিধানমালার—

- (ক) প্রস্তাবনা এবং প্রবিধান ১ এর সংক্ষিপ্ত শিরনামাসহ সর্বত্র “প্রবিধানমালা”, “প্রবিধান”, “প্রবিধানমালার”, “প্রবিধানের” এবং “উপ-প্রবিধান” শব্দ, যেখানেই উল্লিখিত হউক না কেন, এর পরিবর্তে, যথাক্রমে, “বিধিমালা”, “বিধি”, “বিধির”, “প্রবিধানের” এবং “উপবিধি” শব্দ প্রতিস্থাপিত হইবে;
- (খ) দফা (ক) দ্বারা সংশোধিত বিধি ৫৩ এর বিদ্যমান বিধান উপ-বিধি (১) হিসাবে সংযোগিত হইবে এবং অতঃপর উক্তরূপে সংযোগিত উপ-বিধি (১) এর পর নিম্নরূপ উপ-বিধি (২) সংযোজিত হইবে, যথা :—  
“(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, এই প্রবিধানমালা কার্যকর হওয়ার তারিখে যে সকল কর্মচারী ৬০ বৎসর উত্তীর্ণ হওয়ার পরও বাংলাদেশ সংস্থার চাকুরীতে নিয়োজিত ছিলেন সেই সকল কর্মচারীর অবসর গ্রহণের চাকুরীকাল গণনার ক্ষেত্রে উক্ত তারিখে ৬০ বৎসরের অতিরিক্ত সময়ের চাকুরীকাল নিয়মিত চাকুরী হিসাবে গণ্য হইবে”।

২। এই প্রজ্ঞাপন ১১ই আষাঢ়, ১৪০২ বাং মোতাবেক ২৫শে জুন, ১৯৯৫ইং তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নাজমুল আলম সিন্ধিকী  
ভারপ্রাণ সচিব।

শ্রেষ্ঠ মোঃ মোবারক হোসেন, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৫২৭)

মূল্য : টাকা ১.০০